

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাহাজ্জুদ সালাতে রহমতের আয়াত পাঠ করার সময় তাঁর প্রভুর নিকট রহমত চাইতেন আর আযাবের আয়াত পাঠ করার সময় আযাব থেকে আশ্রয় চাইতেন

ذِكْرُ سُوَّالِ الْمُصنْطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَبَّهُ جَلَّ وَعَلَا فِي صلَلَةِ اللَّيْلِ عِنْدَ قِرَاءَتِهِ آيِ الرَّحْمَةِ وَتَعْويذهِ مِنَ النَّارِ عِنْدَ آي العذاب

আরবী

2596 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا بِشْرُ بْنُ خَالِدٍ الْعَسْكَرِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ عَنِ الْمُسْتَوْرِدِ بْنِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ عَنِ الْمُسْتَوْرِدِ بْنِ الْأَحْنَفِ عَنْ صِلَةَ بْنَ زُفَرَ عَنْ حُذَيْفَةَ قَالَ: صَلَّيْتُ مَعَ النَّبِيِّ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ فَمَا مَرَّ بِآيَةِ رَحْمَةٍ إِلَّا وَقَفَ عِنْدَهَا فَسَأَلَ وَلَا مَرَّ بِآيَةِ عَذَابٍ إِلَّا وَقَفَ عِنْدَهَا وَتَعَوَّذَ.

الراوي: حُذَيْفَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2596 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (815)، ((مختصر الشمائل)) (232): م.

বাংলা

২৫৯৬. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে এক রাতে সালাত আদায় করেছি, যখনই তিনি কোন রহমতের আয়াত অতিক্রম করেছেন, তখনই তিনি সেখানে থেমেছেন এবং রহমত প্রার্থনা করেছেন, আর যখনই তিনি কোন আযাবের আয়াত অতিক্রম করেছেন, সেখানেই তিনি থেমেছেন এবং আযাব থেকে আশ্রয় চেয়েছেন।"[1]

ফটনোট



[1] আত তায়ালিসী: ৪১৫; মুসনাদ আহমাদ: ৫/৩৮২; দারেমী: ১/২৯৯; আবূ দাউদ: ৮৭১; তিরমিযী: ২৬২; নাসাঈ: ২/১৭৬-১৭৭; সুনান বাইহাকী: ২/৩১০; মুসনাদ আহমাদ: ৫/৩৮৪; ইবনু মাজাহ: ১৩৫১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন